

🔳 আল-কারি'আ | Al-Qari'a | ٱلْقَارِعَة

আয়াতঃ ১০১ : ৪

আরবি মূল আয়াত:

يُومَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ المَبثُوثِ ﴿ ٢﴾

🗚 অনুবাদসমূহ:

যেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঞ্জের মত, — আল-বায়ান সে দিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঞ্জের মত — তাইসিরুল সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মত। — মুজিবুর রহমান

It is the Day when people will be like moths, dispersed, — Sahih International

- ৪. সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের মত(১),
 - (১) অর্থাৎ মানুষ সেদিনের অবস্থার পরিপ্রেক্ষিতে তাদের বিক্ষিপ্ততা, আনা-গোনা ইত্যাদিতে উদ্রান্তের মত থাকবে। মনে হবে যেন তারা বিক্ষিপ্ত পতঙ্গ। অন্য আয়াতে বলা হয়েছে, "মনে হবে যেন তারা বিক্ষিপ্ত পঙ্গপাল"। [সূরা আল-কামার: ৭] আগুন জ্বালানোর পর পতংগ যেমন দিক-বিদিক থেকে হন্য হয়ে আগুনের দিকে ছুটে আসে সেদিন মানুষ তেমনিভাবে হাশরের মাঠের দিকে ছুটে আসবে। [ইবন কাসীর, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৪। সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের মত। [1]

[1] فِرَاش মানে হল বিক্ষিপ্ত। অর্থাৎ, কিয়ামতের দিন মানুষ বিক্ষিপ্ত পতঙ্গের ন্যায় ছুটাছুটি করতে থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6161

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন